গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোসাইরহাট, শরীয়তপুর।

**এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় গোসাইরহাট উপজেলা ব্লকগ্রান্ট কো-অর্ডিনেশন (বিবিজি) এর সভার কার্যবিবরণীঃ**

সভাপতিঃ মোঃ আলমগীর হুসাইন
উপজেলা নির্বাহী অফিসার
গোসাইরহাট, শরীয়তপুর।

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষ
সভার তারিখঃ ১৬/০৬/২০২০ খ্রিস্টাব্দ।
সভার সময়ঃ বেলা ১১.৩০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট "ক"তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি মোহাম্মদ রুকুনুজ্জামান, ডিস্টেক ফেসিলিটেটর,শরীয়তপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। তিনি সভার প্রথমে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং তাতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

সিদ্ধান্তঃ বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়।

১। প্রকল্প গ্রহণঃ মোহাম্মদ রুকুনুজ্জামান, ডিস্টেক ফেসিলিটেটর,শরীয়তপুর সভায় বলেন যে, ২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্পের আওয়ায় মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দের অর্থ হতে করোনা ভাইরাস প্রতিরোধে স্থানীয় সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসাবে স্থানীয় জনগণের মাঝে সার্জিক্যাল মাস্ক, হাট ধৌয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ প্রকল্প গ্রহন করে সকল ইউনিয়ন পরিষদ হতে দাখিল করা হয়েছে। এছাড়াও ২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্পের আওয়ায় ১ম ও ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ মিলে নাগেরপাড়া ইউনিয়নে ১৮,৫৭,০৫৬/= টাকায় ০৭টি প্রকল্প,নলমুড়ি ইউনিয়নে ১১,৭১,০৪৯/= টাকায় ০৯টি প্রকল্প,আলাওলপুর ইউনিয়নে ১৫,৬২,২৫৫/= টাকায় ০৮টি প্রকল্প,কুচাইপট্টি ইউনিয়নে- ১৬,৪৫,০৩৭/= টাকায় ০৮টি প্রকল্প,ইদিলপুর ইউনিয়নে ২৪,৫৩,৪৯২/= টাকায় ১৫ টি প্রকল্প, গোসাইরহাট ইউনিয়নে- ১১,০০,৭৩৭/= টাকায় ০৭টি প্রকল্প, কোদালপুর ইউনিয়নে ১৬,৫০,৯৬৫/= টাকায় ১৪টি প্রকল্প এবং সামন্তসার ইউনিয়নে ৯,৩৩,০০০/= টাকায় ০৭টি প্রকল্প ইউনিয়ন পরিষদে গ্রহণ করে রেজুলেশনের মাধ্যমে অনুমোদনের জন্য দাখিল করেছেন। তিনি প্রকল্পগুলো সভায় উপস্থাপন করেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরসহ উপজেলা প্রকৌশলীর মতামত আহবান করেন।

চেয়ারম্যান, কোদালপুর ইউপি সভায় বলেন যে, এলজিএসপি-৩ প্রকল্পের আওয়ায় ২০১৯-২০২০ অর্থ বছরের বিবিজি বরাদ্দ প্রাপ্তির পর কোদালপুর ইউনিয়নের সকল ওয়ার্ডের ইউপি সদস্যদের উন্মুক্ত ওয়ার্ড সভা করার জন্য বলা হয়। ইউপি সদস্যগণ ৯টি ওয়াডে উন্মুক্ত ওয়ার্ড সভা আহবান করেন। ওয়ার্ড সভার ভিত্তিতে প্রত্যেক ওয়ার্ডের জনগণের চাহিদার ভিত্তিতে অগ্রাধিকার প্রকল্পের তালিকা তৈরী পূর্বক ইউনিয়ন পরিষদে দাখিল করেন। এরূপ ৯টি ওয়ার্ড হতে ওয়ার্ড কমিটির অগ্রাধিকার প্রকল্পের তালিকা পাওয়ার পরে ইউনিয়ন পরিষদের সভা আহবান করা হয়। ইউনিয়ন পরিষদের সভায় প্রাপ্ত ওয়ার্ড পর্যায়ে গৃহীত প্রকল্প তালিকা যাচাই-বাছাই করা হয়। যাচাই-বাছাইয়ান্তে ইউনিয়ন পরিষদের প্রকল্প বাস্তবায়নে সক্ষমতা ও পূর্ব অভিজ্ঞতা আছে এরূপ প্রকল্প নিয়ে ইউনিয়ন অগ্রাধিকার তালিকা তৈরী করা হয়। ইউনিয়ন পরিষদের সভায় অনুমোদনের পরে সভার কার্যবিবরণীসহ উক্ত অগ্রাধিকার প্রকল্প তালিকা বিজিসিসি কমিটির সভায় অনুমোদনের জন্য দাখিল করা হয়েছে। তিনি দাখিলকৃত প্রকল্পগুলো অনুমোদনের সুপারিশ করেন। এ বিষয়ে চেয়ারম্যান, ইদিলপুর ইউপি কোদালপুর ইউপি চেয়ারম্যানের বর্ণনা অনুযায়ী তাঁর ইউনিয়নেরও অনুরূপ প্রকল্প গ্রহণ করা হয়েছে মর্মে জানান এবং প্রকল্পগুলো অধিকজনগুরুত্বপূর্ণ। এগুলো বাস্তবায়ন হলে তাঁর ইউনিয়নের জনগণের কল্যাণ ও এলাকার উন্নয়ন তরান্বিত হবে মর্মে প্রকল্পগুলো অনুমোদনের জন্য সুপারিশ করেন। উপস্থিত সকল ইউপি চেয়ারম্যান ও ইউপি সচিবগণ সভায় একই পদ্ধতি অনুসারে প্রকল্প গ্রহণ করা হয়েছে মর্মে জানান। প্রকল্পগুলো অধিক জনগুরুত্বপূর্ণ এবং এগুলো বাস্তবায়ন করলে এলাকার জনসাধারণ সুফল ভোগ করতে ও এলাকার মানুষের জীবনযাত্রার মান উন্নত হবে। তারা প্রকল্পগুলো জনস্বার্থে বাস্তবায়নের নিমিত্ত অনুমোদনের জন্য সুপারিশ করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় বলেন যে, দাখিলকৃত প্রকল্পগুলো পরীক্ষা করে দেখা হয়েছে। প্রকল্পগুলো নীতিমালা মোতাবেক গ্রহণ করা হয়েছে। প্রকল্পগুলো বাস্তবায়ন হলে এলাকার জনসাধারণ উপকৃত হবে। প্রকল্পগুলো অধিক জনগুরুত্বপূর্ণ ও এ প্রকল্পগুলো বাস্তবায়ন হলে এলাকার জ নগণ এর সুফল পাবে এবং প্রকল্পগুলো বাস্তবায়নে ইউনিয়ন পরিষদের পূর্ব অভিজ্ঞতা ও

সক্ষমতা রয়েছে। এছাড়াও প্রকল্পগুলো বাস্তবায়নে উপজেলা প্রকৌশল অফিস হতে সম্ভাব্য সকল কারিগরি সহযোগিতা প্রদান করা হবে। তিনি প্রকল্পগুলো অনুমোদন করা যায় মর্মে প্রস্তাব করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, প্রকল্পগুলো যথাযথভাবে অনুমোদনের পরে প্রাক্কলন তৈরী ও অনুমোদনের পর কাজ বাস্তবায়ন শুরু করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করা আবশ্যক। নীতিমালা মোতাবেক প্রকল্প বাস্তবায়নে প্রকল্প সুপারভিশন কমিটি গঠন করতে হবে । প্রকল্প সুপারভিশন কমিটি প্রকল্প বাস্তবায়ন শেষে কাজ যথাযথভাবে সমাপ্ত হওয়ার প্রতিবেদন/ প্রত্যয়ণ দাখিল করলে প্রতিষ্ঠানকে উক্ত কাজের বিল প্রদান করা যাবে। কোন প্রতিষ্ঠানের অনুকূলে একাউন্ট পেই ব্যতিত ক্রস চেক ইস্যু করা যাবে না। প্রকল্প বাস্তবায়নে সকল প্রকার অনিয়ম দূর করতে হবে। কাজ বাস্তবায়ন শেষে অডিটের জন্য যথাযথভাবে বিল-ভাউচার, ওয়ার্ড কমিটির সভার কার্যবিবরণী, সুপারভিশন কমিটির প্রত্যয়ন পত্রসহ সকল কাগজপত্র সংরক্ষণ করতে হবে। প্রকল্পের কাজ বাস্তবায়ন শেষে উপজেলা নির্বাহী অফিসার, উপ-পরিচালক, ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর, স্থানীয় সরকার শাখা, শরীয়তপুরকে অবহিত করতে হবে। তিনি বিধি মোতাবেক কারিগরি কমিটি/ সুভারভিশন কমিটি, প্রকল্প তদারকি কমিটি গঠন পূর্বক সকল নিয়ম যথাযথভাবে অনুসরণ করে কাজ বাস্তবায়নের জন্য ইউপি চেয়ারম্যান, সচিবসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

১। ২০১৯-২০২০ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্পের আওয়ায় ১ম ও ২য় কিস্তির প্রাপ্ত বরাদ্দ মিলে নাগেরপাড়া ইউনিয়নে ১৮,৫৭,০৫৬/= টাকায় ০৭টি প্রকল্প,নলমুড়ি ইউনিয়নে ১১,৭১,০৪৯/= টাকায় ০৯টি প্রকল্প,আলাওলপুর ইউনিয়নে ১৫,৬২,২৫৫/= টাকায় ০৮টি প্রকল্প,কুচাইপট্টি ইউনিয়নে- ১৬,৪৫,০৩৭/= টাকায় ০৮টি প্রকল্প,ইদিলপুর ইউনিয়নে ২৪,৫৩,৪৯২/= টাকায় ১৫ টি প্রকল্প, গোসাইরহাট ইউনিয়নে-১১,০০,৭৩৭/= টাকায় ০৭টি প্রকল্প, কোদালপুর ইউনিয়নে ১৬,৫০,৯৬৫/= টাকায় ১৪টি প্রকল্প এবং সামন্তসার ইউনিয়নে ৯,৩৩,০০০/= টাকায় ০৭টি প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

অনুমোদিত প্রকল্পগুলো নিম্নরূপঃ

| ক্র: নং | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | প্রকল্পের ধরন/খাত | ওয়ার্ড নং | বরাদ্দকৃত অর্থের পরিমান |
|---|---|---|---|---|---|
| ১. | নাগেরপাড়া | বঙ্গবন্ধু মুজিব শতবর্ষ উপলক্ষ্যে নাগেরপাড়া বাজারের পূর্ব-দক্ষিণ কোনে ডেকোরেটরের দোকানের নিকটে স্ট্রিট লাইট স্থাপন। | সৌর বিদ্যুৎ | ০৮ | ৭৫,০০০/- |
| ২ | নাগেরপাড়া | নাগেরপাড়া ইউনিয়নে এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছনতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধোয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ। | স্বাস্থ্য ও স্যানিটেশন | - | ৪৫,০০০/- |
| ৩ | নাগেরপাড়া | বড়কাচনা আ: লতিফ মৃধার বাড়ীর সামনে ব্রীজ কালভার্ট নির্মান। | যোগাযোগ | ০৩ | ৫,১০,০০০/- |
| ৪ | নাগেরপাড়া | নাগেরপাড়া ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ১টি লেপটপ সরবরাহ করণ। | তথ্য প্রযুক্তি | ০৮ | ৬৫,০০০/- |
| ৫ | নাগেরপাড়া | লক্ষীপুর শহিদ বেপারীর বাড়ীর পূর্ব পার্শ্বের ভাংগায় ব্রীজ কালভার্ট নির্মান। | যোগাযোগ | ০৬ | ৫,১০,০০০/- |
| ৬ | নাগেরপাড়া | উত্তর হলইপট্টি নুরুল ইসলাম শেখের বাড়ীর পশ্চিম পার্শ্বের ভাংগায় ব্রীজ কালভার্ট নির্মান। | যোগাযোগ | ০৭ | ৫,১০,০০০/- |
| ৭ | নাগেরপাড়া | শিবপুর কাচারী বাজারে দক্ষিণ পাশে পূর্ব-পশ্চিম গলিতে সিসি রোড নির্মাণ। | জনস্বাস্থ্য | ০৪ | ১,৪২,০৫৬/- |
| | নাগেরপাড়া | মোট টাকা= | | | ১৮,৫৭,০৫৬/= |
| ১ | নলমুড়ি | ৫নং ওয়ার্ডের শরীফ বাড়ির সামনের রাস্তা থেকে হাশেম মাদবরের বাড়িপর্যন্ত রাস্তায় সি.সি. ঢালাইকরন | যোগাযোগ | ০৫ | ৩,০০,০০০/- |
| ২ | নলমুড়ি | ৪নং ওয়ার্ডের মোর্শেদ আলী সরদারের বাড়ি থেকে মজিদ সরদারের বাড়িপর্যন্ত রাস্তায় সি.সি. ঢালাইকরন। | যোগাযোগ | ০৪ | ২,৩৫,০০০/- |
| ৩ | নলমুড়ি | ৯নং ওয়ার্ডেরগরমবাজার থেকে হারুনসরদারেরবাড়িপর্যন্তরাস্তায়সি.সি. ঢালাইকরন। | যোগাযোগ | ০৯ | ২,৩০,০০০/- |
| ৪ | নলমুড়ি | ০৩ নংওয়ার্ডের খাজা মজিবর এর জমির সীমানায় আর.সি.সি ড্রেন কালভার্ট নির্মান। | যোগাযোগ | ০৩ | ৮০,০০০/- |
| ৫ | নলমুড়ি | ৬নং ওয়ার্ডে রুহুল আমিন, পিতা- আ. মতিন মাজি, সাং- চরভুয়াই এর বাড়ি সামনে গভীর নলকূপ স্থাপন। | বিশুদ্ধ পানীয় | ০৬ | ৭৫,০০০/- |

Along

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬ | নলমুড়ি | ৮নং ওয়ার্ডের জয়নব বিবি, স্বামী- আব্দুল হাই চৌকিদার এর বাড়ির সামনে গভীর নলকূপ স্থাপন। | বিশুদ্ধ পানীয় | ০৮ | ৭৫,০০০/- |
| ৭ | নলমুড়ি | জাতীরজনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জন্মশতবার্ষিকী উপলক্ষে ঘাটাখান স. প্রা. বিদ্যালয়ের কাছে সোলার ষ্টিংলাইট স্থাপন। | বিদ্যুৎতায়ন | ০১ | ৭৫,০০০/- |
| ৮ | নলমুড়ি | ১নং ওয়ার্ডের খলিলুর রহমান সিনিয়ার মাদ্রাসায় কাঠের হাই-লো বেঞ্চ সরবারহ | শিক্ষা | ০১ | ৭১,০৪৯/- |
| ৯ | নলমুড়ি | নলমুড়ি ইউনিয়নে এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধৌয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ। | স্বাস্থ্য সেবা | | ৩০,০০০/- |
| | | সর্বমোট= | | | ১১,৭১,০৪৯/- |
| ১ | আলাওলপুর | ৭নং ওয়ার্ডে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শত বার্ষিকী উপলক্ষ্যে চরজালালপুর আশ্রয়ন প্রকল্পে সোলার স্ট্রিক লাইট স্থাপন | যোগাযোগ | ০৭ | ৭৫,০০০/= |
| ২ | আলাওলপুর | ৭নং ওয়ার্ডের মেহের জামালেরটেক সংলগ্ন এ্যাঙ্গেল, আরসিসি খুটি দিয়ে কাঠের পুল নির্মান। | যোগাযোগ | ০৭ | ৩,৫০,০০০/- |
| ৩ | আলাওলপুর | ০৩ নং ওয়ার্ডে গরীবেরচর বাজারে টল ঘর নির্মান। | হাট বাজার | ০৩ | ৭,৫০,০০০/- |
| ৪ | আলাওলপুর | ৪নং ওয়ার্ডে আলাওলপুর ইউনিয়ন ডিজিটালসেন্টারের জন্য ০১টি আলমারী,০১টি রেক,০২টি ইউপিএস ও ০২টিসোলার ব্যাটারী ক্রয়। | যোগাযোগ | ০৪ | ৭৫,০০০/- |
| ৫ | আলাওলপুর | ৩নং ওয়ার্ডের ইব্রাহিম ঢালী,পিং- সেকান্তর ঢালীর,সাং আবুল ঢালীর কান্দি এর বাড়িতে গভীর নলকূপ স্থাপন। | বিশুদ্ধ পানি সরবরাহ | ০৩ | ৭৫,০০০/- |
| ৬ | আলাওলপুর | ৭নং ওয়ার্ডের রফিক মাঝী,পিং-মৃত জয়নাল মাঝী,সাং নান্নু মুন্সির কান্দি এর বাড়িতে গভীর নলকূপ স্থাপন। | বিশুদ্ধ পানি সরবরাহ | ০৭ | ৭৫,০০০/- |
| ৭ | আলাওলপুর | ২নং ওয়ার্ডে পেদা কান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের আসবাবপত্র সরবরাহ। | শিক্ষা | ০২ | ১,১৭,২৫৫/- |
| ৮ | আলাওলপুর | আলাওলপুর ইউনিয়নে এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধৌয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ। | স্বাস্থ্য সেবা | | ৪৫,০০০/- |
| | আলাওলপুর | | | সর্বমোট= | ১৫,৬২,২৫৫/- |
| ১ | কুচাইপট্টি | ০৫ নং ওয়ার্ডে বসকঠি ইউসুফ সরদারের বাড়ী নিকট খালের উপর আয়রন ব্রীজ নির্মান। | যোগাযোগ | ০৫ | ৪,৪৬,৫৫৬ |
| ২ | কুচাইপট্টি | ০৩ নং ওয়ার্ডে ভীমখিল বাজারের উত্তর পার্শ্বে কুচাইপট্টি মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন তিন রাস্তার মোড়ে স্টিক লাইট স্থাপন। | মানব সম্পদ | ০৩ | ৭৫০০০/- |
| ৩ | কুচাইপট্টি | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে কুচাইপট্টি ইউনিয়নে আত্মকর্মসংস্থান মূলক প্রশিক্ষন। | মানব সম্পদ | | ১,২৫,০০০/- |
| ৪ | কুচাইপট্টি | ০৮ নং ওয়ার্ডে চরশিমুলিয়া মনুমিয়া মাঝির বাড়ীর সামনে খালের উপর পাকাখুটি দ্বারা কাঠের পুল নির্মান। | যোগাযোগ | ০৮ | ১,৭০,০০০/- |
| ৫ | কুচাইপট্টি | ০৫নং বসকাঠি জবেদ আলী হাওলাদার বাড়ীর সামনে খালের উপর পাকাখুটি দ্বারা কাঠের পুল নির্মান। | যোগাযোগ | ০৫ | ২,৫৮,০০০/- |
| ৬ | কুচাইপট্টি | ০৮ নং ওয়ার্ডে মৃনপাওফুসকাঠি মেস্তফা রাড়ীর বাড়ী সামনে খালের উপর আয়রন দ্বারা ঢালাই ব্রীজ নির্মান। | যোগাযোগ | ০৮ | ৫,০১,৪৮১/- |
| ৭ | কুচাইপট্টি | কুচাইপট্টি ইউনিয়নে এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ | স্বাস্থ্য | | ৪৫,০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | হতে করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধোয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ। | | | |
| ৮ | কুচাইপট্টি | কুচাইপট্টি ইউনিয়ন ডিজিটাল সেন্টারের কম্পিউটার প্রিন্টার ও মালামাল ক্রয়। | মানব সম্পদ | | ২৫০০০/- |
| | কুচাইপট্টি | | | সর্বমোট = | ১৬,৪৫,০৩৭/- |
| ০১ | ইদিলপুর | মাছুয়াখালী জয়নাল মাদবরের বাড়ীর নিকট পাকা রাস্তায় দক্ষিণ পার্শ্বে ইতিমধ্যে স্থাপিত আরসিসি কলামের উপর স্লাব নির্মান। | যোগাযোগ | ১ | ৩৫০,০০০/- |
| ০২ | ইদিলপুর | মাছুয়াখালী আঃ করিম বেপারী বাড়ীর ব্রীজের পশ্চিম পার্শ্বে রাস্তায় সিসি করন। | যোগাযোগ | ১ | ৬,১৩০০০/- |
| ০৩ | ইদিলপুর | আলহাজ্ব সামসুদ্দিন আহাম্মেদ এর বাড়ীর সামনে পাকা ড্রেন নির্মান | যোগাযোগ | ১ | ৮০,০০০/- |
| ০৪ | ইদিলপুর | ০১নং ওয়ার্ডে মাছুয়াখালী সজল মন্ডল, পিতাঃ সুরেন্দ্র মন্ডল এর বাড়ী গভীর নলকুপ স্থাপন। | পানি সরবরাহ | ১ | ৬০,০০০/- |
| ০৫ | ইদিলপুর | ০১ নং ওয়ার্ডে মাছুয়াখালী নিজাম উদ্দিন সরদার, পিতাঃ আলাউদ্দিন এর বাড়ী গভীর নলকুপ স্থাপন। | পানি সরবরাহ | ১ | ৬০,০০০/ |
| ০৬ | ইদিলপুর | ০১ নং ওয়ার্ডে মাছুয়াখালী আবু বকর বেপারী, পিতাঃ আঃ মজিদ বেপার এর বাড়ী গভীর নলকুপ স্থাপন। | পানি সরবরাহ | ১ | ৬০,০০০/ |
| ০৭ | ইদিলপুর | জনস্বার্থে দাসের জঙ্গল মৃত তালেব হোসেন বেপারী বাড়ীর সামনে স্টিক লাইট স্থাপন। | যোগাযোগ | | ৭৫,০০০/- |
| ০৮ | ইদিলপুর | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকি উপলক্ষে আত্মকর্মসংস্থান মূলক প্রশিক্ষন। | প্রচার | | ১,২৫০০০/- |
| ০৯ | ইদিলপুর | ইদিলপুর ইউনিয়নে এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধোয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ। | স্বাস্থ্য খাত | সকল | ৪৫০০০/- |
| ১০ | ইদিলপুর | বিনটিয়া ইরি ব্লকের ড্রেন নির্মান। | কৃষি | ০৬ | ১,৫০,০০০/- |
| ১১ | ইদিলপুর | মাছুয়াখালী ইউনুস দফাদারের বাড়ীর দক্ষিণ পার্শ্বে ব্রীজের পূর্ব পাড় হইতে আলী হোসেন ঘরামীর বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | যোগাযোগ | ০১ | ৪,০০,০০০/- |
| ১২ | ইদিলপুর | ইদিলপুর ইউনিয়নের বিভিন্ন স্কুলে ০৬ টি সিলিং ফ্যান বিতরন। | শিক্ষা | | ২৫,০০০/- |
| ১৩ | ইদিলপুর | বাসুদেবচাপ কার্পেটিং রাস্তা হইতে কামাল মোল্লার বাড়ী পর্যন্ত রাস্তা সিসি করন। | যোগাযোগ | ০৭ | ১,৫০,০০০/- |
| ১৪ | ইদিলপুর | মাছুয়াখালী হক মাষ্টারের বাড়ী জামে মসজিদের পূর্ব পার্শ্বে ব্রীজের এপ্রোচ নির্মান। | যোগাযোগ | ০১ | ১,৫০,০০০/- |
| ১৫ | ইদিলপুর | তরজুশিরগাও কার্পেটিং রাস্তার শেষ হইতে বিশ্বজিৎ কুহ এর বাড়ী পর্যন্ত রাস্তা ছলিং। | যোগাযোগ | ০৪ | ১,১০৪৯২/- |
| | | সর্বমোট = | | | ২৪,৫৩,৪৯২/- |
| ০১ | গোসাইরহাট | বেকার যুব মহিলা ও পুরুষদের মধ্যে আত্নকর্মসংস্থান মুলক বিভিন্ন প্রশিক্ষন। | মানব উন্নয়ন | সকল | ১২৫,০০০/- |
| ০২ | গোসাইরহাট | সাইখ্যা মোয়াজ্জেম সরদারের বাড়ির পার্শ্বে ষ্ট্রিট লাইট স্থাপন। | ঐ | ০৮ | ৭৫,০০০/- |
| ০৩ | গোসাইরহাট | গোসাইরহাট ইউনিয়নে এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধোয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ। | স্বাস্থ্য | সকল | ৩০,০০০/- |
| ০৪ | গোসাইরহাট | কাশিখন্ড সুমন ঢালীর বাড়ির নিকট হতে রেজাউল মাঝির বাড়ির নিকট ব্রিজ পর্যন্ত রাস্তা সিসি ঢালাই করা। | যোগাযোগ | ০৬ | ১৫০,০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০৫ | গোসাইরহাট | চাপকাঠি মৌজায় পুরাতন বটনা সরকারী প্রাথমিক বিদ্যালয়ের স্থানে প্রস্তাবিত উচ্চ বিদ্যালয় সংলগ্ন দুর্বল পুলটির স্থলে নতুন পুল নির্মান। | যোগাযোগ | ০৭ | ৬০০,০০০/- |
| ০৬ | গোসাইরহাট | বটনা সরদার বাড়ির ঘাটায় কাঠের পুল মেরামত। | যোগাযোগ | ০২ | ৬০,০০০/- |
| ০৭ | গোসাইরহাট | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের জন্য ল্যাপটপ সরবরাহ। | তথ্য প্রযুক্তি | | ৬০,৭৩৭/- |
| | | | | সর্বমোট= | ১১,০০,৭৩৭/- |
| ১. | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০১ নং ওয়ার্ডের মাল পাড়া আল-আমিন মালের বাড়ী হইতে মজিবল চৌকিদারের বাড়ী পর্যন্ত এইচ.বি.বি রাস্তা নির্মাণ। | যোগাযোগ | ০১ | ১০০,০০০/- |
| ২. | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০২নং ওয়ার্ডের বালুচর বাজারে লেট্রিণ নির্মাণ | পায়ঃ নিষ্কাশণ | ০২ | ১০০,০০০/- |
| ৩. | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের ২নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ে হাইবেঞ্চ ও লোবেঞ্চ সরবরাহ। | শিক্ষা | ০২ | ৭০,০০০/- |
| ৪. | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০২ নং ওয়ার্ডের হাজী আশ্রাফ আলী বেপারী পাড়া নুর মোহাম্মদ খানের বাড়ীর নিকট হইতে মোক্তার মাঝির বাড়ী পর্যন্ত সিসি রাস্তা নির্মাণ। | যোগাযোগ | ০২ | ৬১২,৯৬৫/- |
| ৫. | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০৩ নং ওয়ার্ডের কোদালপুর বাজারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষে স্ট্রিট লাইট স্থাপণ। | যোগাযোগ | ০৩ | ৭৫,০০০/- |
| ৬. | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের ঢালী পাড়া চান্দু মৃধার বাড়ী সংলগ্ন খালের উপর কাঠের পুল নির্মাণ। | যোগাযোগ | ০৪ | ৭০,০০০/- |
| ৭. | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের বলু সরদার পাড়া মালেক কাজির বাড়ী সংলগ্ন খালের উপর কাঠের পুল নির্মাণ। | যোগাযোগ | ০৪ | ৬০,০০০/- |
| ৮. | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০৪ নং ওয়ার্ডের ছৈয়াল পাড়া ফারুক ছৈয়ালের বাড়ী সংলগ্ন খালের উপর কাঠের পুল নির্মাণ। | যোগাযোগ | ০৪ | ১০০,০০০/- |
| ৯. | কোদালপুর | কোদালপুর ইউনিয়ন পরিষদের তথ্য-সেবা কেন্দ্রে ০১টি ল্যাপটপ কম্পিউটার,০১টি পিন্টার ও ০২টি স্টিলের আলমারি সরবরাহ। | তথ্য প্রযুক্তি | ০৪ | ১০০,০০০/- |
| ১০ | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০৫ নং ওয়ার্ডের সাইফুল ইসলাম দেওয়ান সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শহিদ মিনার নির্মাণ। | শিক্ষা | ০৫ | ৮০,০০০/- |
| ১১ | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০৬ নং ওয়ার্ডের নাছির সরদারের খেয়া ঘাট সংলগ্ন খালের উপর কাঠের পুল নির্মাণ। | যোগাযোগ | ০৬ | ৮০,০০০/- |
| ১২ | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০৮নং ওয়ার্ডের মোস্তফা মাঝির বাড়ী সংলগ্ন খালের উপর কাঠের পুল নির্মাণ। | যোগাযোগ | ০৮ | ৮০,০০০/- |
| ১৩ | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের ০৯ নং ওয়ার্ডের দক্ষিন কোদালপুর চর্দি পাড়া মানিক হাওলাদারের বাড়ীর সংলগ্ন খালের উপর কাঠের পুল নির্মাণ। | যোগাযোগ | ০৯ | ৭৮,০০০/- |
| ১৪ | কোদালপুর | কোদালপুর ইউনিয়নের করোনা ভাইরাসের কারণে এলজিএসপি-০৩ এর আওয়াতায় মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) এর প্রথম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে স্বাস্থ্য সেবা খাতে অগ্রধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধোঁয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ প্রকল্প। | স্বাস্থ্য-সেবা | ০৯ | ৪৫,০০০/- |
| | কোদালপুর | সর্বমোট= | | | ১৬,৫০,৯৬৫/- |
| ১ | সামন্তসার | ১নং ওয়ার্ডে রাজ্জাক উকিলের বাড়ী হইতে মাদ্রাসা পর্যন্ড় সিসি ঢালাই। | যোগাযোগ | ১ নং | ১০০,০০০/- |
| ২ | সামন্তসার | ৮ নং ওয়ার্ডের ডিসি রোড হইতে সুমন সরদারের বাড়ী পর্যন্ড় সিসি ঢালাই। | যোগাযোগ | ৮ নং | ৯০,০০০/- |
| ৩ | সামন্তসার | জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শত বার্ষিক উপলক্ষে বিশেষ প্রকল্পঃ ৭ নং ওয়ার্ডে আঃ মান্নান আকন এর | বিদ্যু সরবরাহ | ৭ নং | ৭৫,০০০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | বাড়ীর সামনের মোড়ে স্টিং লাইট স্থাপন। | | | |
| ৪ | সামন্তসার | ৬ নং ওয়ার্ডের হাকিম আলী সিকদার, পিতা- রমিজ উদ্দিন সিকদার এর বাড়ীতে গভীর নলকুপ স্থাপন। | পানি সরবরাহ | ৬ নং | ৭৫,০০০/- |
| ৫ | সামন্তসার | ৫ নং মোতালেব চৌকিদারের বাড়ী হইতে রুবেল সরদারের বাড়ী পর্যন্ত সিসি ঢালাই। | যোগাযোগ | ৫ নং | ৫,০০,০০০/- |
| ৬ | সামন্তসার | চিত্ত রঞ্জন সাহার বাড়ীর সামনে কাঠের পুল নির্মান। | যোগাযোগ | | ৬৩,০০০/- |
| ৭ | সামন্তসার | সামন্তসার ইউনিয়নে এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় মৌলিক থোক বরাদ্দের (বিবিজি) এর ১ম কিস্তির প্রাপ্ত বরাদ্দকৃত অর্থ হতে করোনা ভাইরাস প্রতিরোধে স্বাস্থ্য সেবা খাতে অগ্রাধিকার ভিত্তিতে বিশেষ পরিচ্ছন্নতা স্কিম হিসেবে সার্জিক্যাল মাস্ক, হাত ধোঁয়ার সাবান, ব্লিচিং পাউডার বিতরণ। | স্বাস্থ্য সেবা | সকল | ৩০,০০০/- |
| | | সর্বমোট = | | | ৯,৩৩,০০০/- |

২। প্রকল্প বাস্তবায়নের পূর্বে বিধি মোতাবেক কারিগরি সহায়তা কমিটি, ওয়ার্ড কমিটি/ তদারকি কমিটি গঠন পূর্বক প্রকল্প বাস্তবায়ন করতে হবে।

৩। প্রকল্পগুলো উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের সহায়তায় সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রাক্কলন তৈরি ও কারিগরি সহায়তা গ্রহণ পূর্বক প্রকল্প বাস্তবায়ন করতে হবে।

৪। প্রকল্পের কাজ বাস্তবায়ন শেষে চূড়ান্ত বিল পাওয়ার জন্য ওয়ার্ড কমিটি/ প্রকল্প বাস্তবায়ন কমিটি বিল-ভাউচারসহ বিল পাওয়ার আবেদন করলে প্রকল্প সুপারভিশন কমিটির প্রত্যয়ণ গ্রহণ করে বিল প্রদান করতে হবে।

৫। পরবর্তী অডিটের জন্য সকল বিল-ভাউচার ও সংশ্লিষ্ট কাগজপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

৬। প্রকল্পের কাজ বাস্তবায়নের পরে উপপরিচালক, স্থানীয় সরকার, শরীয়তপুর, উপজেলা নির্বাহী অফিসার, ডিস্টেক ফেসিলিটেটর,শরীয়তপুর এবং উপজেলা প্রকৌশলীকে অবহিত করতে হবে।

৭। উপজেলা প্রকৌশলীকে প্রকল্পের কাজ পরিদর্শন করে সঠিকভাবে বাস্তবায়ন হয়েছে কি-না তার প্রতিবেদন প্রদান করার জন্য অনুরোধ করা হয়।

বাস্তবায়নেঃ উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), ইউপি সচিব (সকল)।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং সভার সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নে সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আলমগীর হুসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা ব্লকগ্রান্ট কো-অর্ডিনেশন কমিটি
গোসাইরহাট, শরীয়তপুর।

স্মারক নং ০৫.৩০.৮৬৬৯.০০০.২৩.০০১.১৯- ২৬০ তারিখ ঃ ১৮/০৬/২০২০ খ্রিস্টাব্দ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। জাতীয় প্রকল্প পরিচালক, এলজিএসপি-২, স্থানীয় সরকার বিভাগ, ইউনিয়ন পরিষদ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, শরীয়তপুর।
০৩। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, শরীয়তপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোসাইরহাট, শরীয়তপুর।
০৫। ডিস্টেক ফেসিলিটেটর, শরীয়তপুর।
০৬। চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ, গোসাইরহাট, শরীয়তপুর।
০৭। ইউপি সচিব, ........................................ইউনিয়ন পরিষদ, গোসাইরহাট, শরীয়তপুর।
০৮। অফিস কপি।

(মোঃ আলমগীর হুসাইন)
উপজেলা নির্বাহী অফিসার
গোসাইরহাট, শরীয়তপুর।